দ্বারিকেশের কফিনবন্দি মৃতদেহ ফিরল বাড়িতে

বুদ্ধদেব দাস
মেদিনীপুর, ১৫ জুন

কুয়েতে বহুতলে অগ্নিদগ্ধ হয়ে মৃত বাংলার দ্বারিকেশ পট্টনায়কের মৃতদেহ এসে পৌঁছোল মেদিনীপুরের বাড়িতে। শনিবার সকালে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বোস আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁর মৃতদেহ এসে পৌঁছোয়। রাজ্য সরকারের পক্ষ থেকে মৃতদেহে শ্রদ্ধা জানানোর পাশাপাশি তা শববাহী গাড়িতে করে বাড়িতে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়। বেলা সাড়ে ১১টা নাগাদ মৃতদেহ এসে পৌঁছোয় দ্বারিকেশের মেদিনীপুর শহরের শরৎপল্লীর বাড়িতে। মৃতের পরিবারের সঙ্গে কান্নায় ভেঙে পড়েন এলাকার মানুষও।

এদিন সকাল থেকেই মেদিনীপুর শহরের শরৎপল্লীর বাড়ির সামনে জড়ো হয়েছিলেন বহু মানুষ। বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের পাশাপাশি ছিলেন মেদিনীপুরের লোকসভা কেন্দ্রের তৃণমূলের জয়ী প্রার্থী জুন মালিয়া। ছিলেন তৃণমূলের মেদিনীপুর সাংগঠনিক জেলা সভাপতি সুজয় হাজরা, মেদিনীপুর পুরসভার চেয়ারম্যান সৌমেন খাঁ, স্থানীয় কাউন্সিলর চন্দ্রাণী দাস–সহ আরও অনেকে। বছর বাহান্নর হাসিখুশি দ্বারিকেশের কফিনবন্দি নিথর দেহ ফিরতেই কান্নায় ভেঙে পড়েন স্ত্রী অন্তরা ও একমাত্র মেয়ে দ্বাদশ শ্রেণির ছাত্রী ঐশী। তাঁদের সান্ত্বনা দেন জুন মালিয়া। শ্বশুর কমলাকান্ত পট্টনায়ক তৃণমূলের দাঁতনের তুরকা অঞ্চল সভাপতি। তিনিও ছিলেন। বৃহস্পতিবার মৃত্যুসংবাদ এসে পৌঁছোনোর পর থেকেই কান্নার আওয়াজ ভেসে আসছে মেদিনীপুর শহরের শরৎপল্লী এলাকার বাড়ি থেকে। এদিন বহু মানুষ ফুল দিয়ে তাঁকে শেষ শ্রদ্ধা জানান। আধ ঘণ্টা বাড়িতে রাখার পর কফিনবন্দি দেহ দাঁতনের তুরকার খণ্ডরুই গ্রামের বাড়ির উদ্দেশে রওনা দেয়। তাঁদের সঙ্গে যান জুন মালিয়া। তিনি বলেন, 'মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে আমি পরিবারের পাশে দাঁড়াতে এসেছি। পরিবারকে সবরকমের সাহায্যের আশ্বাস দেওয়া হয়েছে।'

দ্বারিকেশকে শ্রদ্ধার্ঘ্য জুন মালিয়ার। ছবি: স্বরূপ মণ্ডল

উপনির্বাচন

প্রার্থী নিয়ে বাগদায় বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব

নিরুপম সাহা
বাগদা, ১৫ জুন

বাগদা বিধানসভা কেন্দ্রে ঠাকুরবাড়ি থেকে প্রার্থী করা হলে, বাগদার বিজেপির কর্মীরাই সেই প্রার্থীকে হারিয়ে দেবেন। সাংবাদিক বৈঠক করে পরোক্ষে এমনই বার্তা দিলেন বাগদার বিজেপি কর্মীরা। আর এই ঘটনায় বাগদায় বিজেপির গোষ্ঠীকোন্দল প্রকাশ্যে চলে এল।

ইতিমধ্যেই বাগদা বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের দিন ঘোষণা হয়ে গেছে। শুক্রবার তৃণমূলের পক্ষ থেকে এই কেন্দ্রের তৃণমূল প্রার্থী হিসেবে তৃণমূলের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের ছোটমেয়ে মধুপর্ণা ঠাকুরের নাম ঘোষণা করা হয়েছে। পাশাপাশি, ফরওয়ার্ড ব্লকের পক্ষে প্রার্থী করা হয়েছে বাগদা এলাকার একসময়কার ফরওয়ার্ড ব্লকের বিধায়ক কমলাক্ষী বিশ্বাসের ছেলে গৌড় বিশ্বাসকে। এরপর থেকেই প্রচার শুরু হয়ে যায় যে, বাগদায় বিজেপির প্রার্থী হচ্ছেন বনগাঁর বিজেপি সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুরের স্ত্রী সোমা ঠাকুর। আর তাতেই আগুনে ঘি পড়ার মতো পরিস্থিতি তৈরি হয় বাগদার বিজেপি কর্মীদের মধ্যে। শনিবার তাঁরা সাংবাদিক বৈঠক করে তাঁদের ক্ষোভ উগরে দেন। তাঁদের বক্তব্য, বিজেপি 'এক ব্যক্তি, এক পদ' নীতি নিয়ে চলে। কিন্তু ঠাকুরবাড়ির ক্ষেত্রে সেই নীতি মানা হচ্ছে না। ইতিমধ্যেই ঠাকুরবাড়ির একই পরিবারের দুই ভাইয়ের মধ্যে একজন সাংসদ এবং একজন বিধায়ক রয়েছেন। তার ওপর আবারও সেই বাড়ির কোনও পুত্রবধূকে বাগদায় বিজেপির প্রার্থী করা হলে তা মানা হবে না। ওই প্রার্থীর নিশ্চিত পরাজয় হবে। তারা আরও জানান, বাগদা কেন্দ্রে নরেন্দ্র মোদি কিমবা শান্তনু ঠাকুরের মুখ দেখে কেউ ভোট দেননি, এলাকার বিজেপি কর্মীরা তৃণমূলের বিরুদ্ধে আন্দোলন করে, জেল খেটে মানুষের বাড়ি বাড়ি গেছেন। আর সেই মানুষদের দেখেই এলাকার মানুষ বিজেপিকে ভোট দিয়েছেন। বিক্ষুব্ধদের দাবি, বাগদা এলাকার কোনও মতুয়া পরিবারের সদস্য অর্থাৎ স্থানীয়ভাবে কাউকে প্রার্থী করতে হবে, যাতে সবসময় তাঁকে পাওয়া যায়। কোনও বহিরাগতকে মানা হবে না। এদিন বিক্ষুব্ধদের মধ্যে পঞ্চায়েত স্তরের বিজেপির একাধিক জনপ্রতিনিধিকে দেখা গেছে। জানা গেছে, বাগদায় বিজেপির প্রার্থী কে হবেন তা এখনও চূড়ান্ত করা সম্ভব হয়নি।

বাঘের আক্রমণে মৎস্যজীবী

আজকালের প্রতিবেদন
পাথরপ্রতিমা, ১৫ জুন

আবারও সুন্দরবনের জঙ্গল থেকে এক মৎস্যজীবীকে তুলে নিয়ে গেল রয়্যাল বেঙ্গল টাইগার। চব্বিশ ঘণ্টা পরেও কোনও খোঁজ নেই মৎস্যজীবীর। গতকাল সুন্দরবনের কলস জঙ্গল সংলগ্ন জগদ্দল নদীতে কাঁকড়া ধরার সময় বাঘ তুলে নিয়ে যায় দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের জি–প্লট গ্রাম পঞ্চায়েতের সত্যদাসপুরের বাসিন্দা মৎস্যজীবী গোপাল মল্লিককে (২৬)। সঙ্গীরা অনেক চেষ্টা করেও তাঁকে বাঘের মুখ থেকে উদ্ধার করতে পারেনি। এরপর নিরাশ হয়ে তাঁরা নৌকা নিয়ে বাড়ি ফেরে। এই ঘটনার খবর পেয়ে ভেঙে পড়ে পরিবারের লোকজনেরা। শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। শনিবার দুপুরে গোবর্ধনপুর কোস্টাল থানায় নিখোঁজ ডায়েরি করেছেন মৎস্যজীবী গোপাল মল্লিকের স্ত্রী পার্বতী মল্লিক। তদন্ত শুরু করেছে গোবর্ধনপুর কোস্টাল থানার পুলিশ।

জানা গিয়েছে, দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের জি-প্লট গ্রাম পঞ্চায়েতের সত্যদাসপুরে অত্যন্ত গরিব পরিবারে জন্ম গোপাল মল্লিকের। তাঁর দুই মেয়ে আর এক ছেলে। নদীতে মাছ, কাঁকড়া ধরে চলে টানাটানির সংসার। গত ১০ জুন বিকেলে পুরুষ ও মহিলা মিলিয়ে ৬ জনের একটি দল একটি নৌকা নিয়ে জগদ্দল নদীতে কাঁকড়া ধরতে বের হয়। সেই দলে ছিলেন মৎস্যজীবী গোপাল মল্লিকও। গতকাল দুপুর আনুমানিক একটা নাগাদ, যখন তাঁরা কলস জঙ্গল সংলগ্ন জগদ্দল নদীতে কাঁকড়া ধরছিলেন। সেই সময় অতর্কিতে একটি বাঘ হঠাৎ পিছন দিক থেকে গোপাল মল্লিকের ওপর ঝাঁপিয়ে পড়ে। কিছুক্ষণের মধ্যে শিকার নিয়ে জঙ্গলে গাঢাকা দেয় রয়্যাল বেঙ্গল। সঙ্গীরা কিছুক্ষণ বাঘের পিছু ধাওয়া করে। কিন্তু নিরাশ হতে হয়।

EAST ENCLAVE COOPERATIVE HOUSING SOCIETY LTD.
Regd. No.: 295/RTAH/BULK (HB) dated 25.11.2002
Regd. Address: 02 MAR, New Town, Rajarhat, Kolkata-700163

All members of EAST ENCLAVE CHS Ltd. are hereby informed that a Special General Meeting has been convened for the purpose of election to the Board of Directors of the society scheduled to be held on 04.08.2024 (Sunday). Notice of the Special General Meeting with election schedule and the draft voters' list has been displayed on the notice board of the society and in the office of the Returning Officer & JRCS (RTAH), HIDCO Bhaban, New Town from 14th June, 2024.

Gouranga Sengupta
Apala Sarkar
ARO & CDO
Cooperation Dte. RTAH CO

খেজুরিতে তৃণমূল নেতাকে খুনের চেষ্টা, পুলিশকে আক্রমণ, গ্রেপ্তার ২

যজ্ঞেশ্বর জানা
খেজুরি, ১৫ জুন

বিজেপির সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিবাদ সভা ছিল তৃণমূলের। খেজুরি ২ ব্লকের নিচকসবা অঞ্চলের শ্যামপুরে শুক্রবার বিকেলের ওই সভা থেকে বাড়ি ফেরার পথে বিজেপির হামলার শিকার হলেন তৃণমূলের নেতা ও তাঁর ভাই। ধারালো অস্ত্রের কোপ মারা হয়েছে তৃণমূলের উত্তর শ্যামপুর বুথ সভাপতি বৃহস্পতি প্রামাণিকের মাথায়। স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। তদন্তে নেমে মূল অভিযুক্ত বিজেপির বুথ সভাপতি সুরেশ ডাকুয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ। এছাড়াও আলিপুরের বাসিন্দা বিজেপির খেজুরি–৪ মণ্ডলের সাধারণ সম্পাদক সৌরভ সরকারকে গ্রেপ্তার করেছে পুলিশ। ১০ মার্চ শ্যামপুরে বিজেপির সভাস্থলের পাশ দিয়ে কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চকে ঘিরে তৈরি হওয়া বিশৃঙ্খলার জেরে আক্রান্ত হয়েছিল পুলিশ। সেই মামলায় অভিযুক্ত ছিলেন বিজেপির এই মণ্ডল সাধারণ সম্পাদক। নির্বাচন পর্বে আদালত তাঁকে রক্ষাকবচ দিয়েছিল। তার মেয়াদ ফুরিয়ে যেতেই এদিন রাতে তালপাটিঘাট কোস্টাল থানার সহযোগিতায় অভিযুক্তকে পাকড়াও করে খেজুরি থানার পুলিশ। শনিবার ধৃত দুই বিজেপি নেতাকে কাঁথি আদালতে পেশ করা হয়। কাঁথির মহকুমা পুলিশ আধিকারিক দিবাকর দাস বলেন, 'দুটি পৃথক মামলার ভিত্তিতে এই দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।'

লোকসভা ভোট–পরবর্তী সময় থেকে কার্যত হিংসার আগুন জ্বলছে খেজুরি জুড়ে। তৃণমূলের নেতাকর্মীদের ওপর অত্যাচার নামিয়ে আনার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। আতঙ্কে ঘরছাড়া বহু তৃণমূল কর্মীর পরিবার। গেরুয়া সন্ত্রাসের প্রতিবাদেই শুক্রবার শ্যামপুরে প্রতিবাদ সভার ডাক দিয়েছিল তৃণমূল। সেই সভায় দাঁড়িয়ে বিজেপি–আশ্রিত দুষ্কৃতীদের গ্রেপ্তারের জন্য ৭২ ঘণ্টা সময় বেঁধে দিয়ে যান দুই মন্ত্রী বীরবাহা হাসদা, শিউলি সাহা ও দলের প্রাক্তন রাজ্যসভার সাংসদ কুণাল ঘোষ প্রমুখ। তৃণমূল নেতৃত্বের অভিযোগ, সেই সভা শেষ করে সন্ধে ৭টা নাগাদ বাড়ি ফিরছিলেন বৃহস্পতি প্রামাণিক ও তাঁর ভাই বাপি প্রামাণিক। বাড়ির অদূরে শ্যামপুর মোড় বাজার এলাকায় আক্রান্ত হন তাঁরা। খেজুরি ২ ব্লক তৃণমূলের সভাপতি সমুভব দাস বলেন, 'ভোটের আগে থেকেই তৃণমূল করা যাবে না বলে ফতোয়া জারি করেছিল অভিযুক্ত বিজেপির বুথ সভাপতি। তার নির্দেশ না মানায় এই আক্রমণ।' তৃণমূলের অভিযোগ উড়িয়ে পাল্টা সন্ত্রাসের অভিযোগ তুলেছে বিজেপি।

গার্ডেনরিচ কাণ্ডের চার্জশিট জমা কোর্টে

গার্ডেনরিচের নির্মীয়মাণ আবাসন ভেঙে পড়ার ঘটনায় আলিপুর আদালতে চার্জশিট জমা দিল কলকাতা পুলিশ। ধৃত প্রোমোটার, জমির মালিক, ঠিকাদার–সহ মোট ছ'জনের বিরুদ্ধে প্রায় ৭৩০ পাতার চার্জশিট জমা করেছে গার্ডেনরিচ থানার পুলিশ। ছ'জনের মধ্যে একজন পলাতক— এ কথাও উল্লেখ করা হয়েছে। তাদের বিরুদ্ধে খুন, খুনের চেষ্টা–সহ ভারতীয় দণ্ডবিধির ছ'টি ধারায় চার্জশিট জমা দেওয়া হয়েছে। সাক্ষী দিয়েছেন মোট ১৭০ জন। উল্লেখ্য, ১৭ মার্চ গার্ডেনরিচের আজহার মোল্লা বাগানে ঝুপড়ির ওপর নির্মীয়মাণ বহুতল ভেঙে পড়ে মোট ১২ জনের মৃত্যু হয়েছিল।

বৃদ্ধার জটিল অস্ত্রোপচার

গৌতম চক্রবর্তী

সুন্দরবনের সরকারি হাসপাতালে চিকিৎসকরা জটিল অস্ত্রোপচারে সাফল্য পেলেন। ক্যানিং মহকুমা হাসপাতালের 'মাতৃমা'র মুকুটে জুড়ল সাফল্যের নতুন পালক। সরকারি হাসপাতালের চিকিৎসকরাই জটিল অস্ত্রোপচার করে এক বৃদ্ধার পেট থেকে বের করলেন ১ কেজি ওজনের টিউমার। হাসপাতালের স্ত্রীরোগ বিশেষজ্ঞ চিকিৎসক শ্রুতর্ষি মণ্ডলের নেতৃত্বে চিকিৎসক রাজীব সরকার ও চিকিৎসক বিশ্বনাথ সর্দার এই জটিল অস্ত্রোপচার করেন। আর তাতেই ৬০ বছর বয়সি ওই বৃদ্ধার পেট থেকে ১ কেজি ওজনের টিউমার সফলভাবে বের করা সম্ভব হয়। ক্যানিং থানার মাতলা ২ পঞ্চায়েতের মিঠাখালির বাসিন্দা বৃদ্ধা প্রতিমা ঘোষ। তিনি কিছুদিন ধরেই পেটের যন্ত্রণায় ভুগছিলেন। প্রতিবেশী এক যুবক তাঁকে বৃহস্পতিবার ক্যানিং মহকুমা হাসপাতালের 'মাতৃমা'তে নিয়ে আসেন।

বাগনানে বয়লার ফেটে আহত ৮

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়
উলুবেড়িয়া, ১৫ জুন

শনিবার দুপুরে হাওড়ার বাগনানের বরুন্দায় একটি রাইস মিলের বয়লার ফেটে ৮ জন শ্রমিক গুরুতর জখম হলেন। এঁদের মধ্যে ৩ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায়, তাঁদের উলুবেড়িয়া শরৎচন্দ্র মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিন বেলা সাড়ে ১১টা নাগাদ বরুন্দার ওই রাইস মিলে হঠাৎই বিকট শব্দে বয়লার ফেটে যায়। বয়লার ফাটার তীব্রতা এতটাই ছিল যে, এলাকার প্রায় এক কিলোমিটার জুড়ে একাধিক বাড়ির জানালার কাচ ভেঙে যায়। বিস্ফোরণের তীব্রতায় আতঙ্কিত হয়ে ওঠেন স্থানীয় লোকজন। দুর্ঘটনার খবর পেয়ে আহতদের দেখতে হাসপাতালে যান মন্ত্রী পুলক রায়। আহত শ্রমিক পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে, তাঁদের পাশে থেকে সবরকমের সাহায্যের আশ্বাস দেন মন্ত্রী।

স্থানীয় বাসিন্দা জয়দেব পাল বলেন, 'এদিন রাইস মিলের বয়লার বিস্ফোরণ হয়। ভয়াবহ বিস্ফোরণের আওয়াজে এলাকার দরজা–জানালার কাচ সব ভেঙে যায়। আরেক এক স্থানীয় বাসিন্দা বিশ্বজিৎ পাল বলেন, বোমা ফাটার মতো আওয়াজ হয়েছিল। এলাকায় চারিদিকে লোহা, অ্যাসবেস্টসের টুকরো ছিটিয়ে পড়ে। বিস্ফোরণের ভয়ঙ্কর আওয়াজে জানালা, দরজা ভেঙে যায়। গোটা গ্রামে এই বিস্ফোরণের প্রভাব পড়ে। অত্যধিক তাপের কারণে বয়লার ফেটে যায় বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। ঘটনার ফরেনসিক তদন্ত হচ্ছে।

মেমারিতে মহিলাকে নির্যাতন, ধৃত ২

মেমারিতে মহিলাকে ধারালো অস্ত্র ঠেকিয়ে নির্যাতন চালাল ২ দুষ্কৃতী। চেঁচালে গলা কেটে দেওয়ার ভয় দেখায় তারা। শুক্রবার মধ্যরাত থেকে ভোর পর্যন্ত ওই বাড়িতে থেকে মোবাইল–সহ অন্যান্য জিনিসপত্র লুঠপাট করে চম্পট দেয় দুষ্কৃতীরা। ঘটনার কয়েক ঘণ্টার মধ্যেই পুলিশি তৎপরতায় ব্যাপক তল্লাশি চালিয়ে বিমান কিসকু ও কাসেম শেখ নামে দুই দুষ্কৃতীকে গ্রেপ্তার করে।

বারাসত ব্রাঞ্চ
৬৫/১০ কে এন সি রোড দক্ষিণপাড়া, হাটখোলা
বারাসত, কলকাতা ৭০০১২৪ পঃবঃ, ভারত
ই-মেল: Barasa@bankofbaroda.co.in

অ্যানেক্সার–৭
স্বর্ণালঙ্কার নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

নিম্নলিখিত ব্যক্তিগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে তাঁরা সংশ্লিষ্ট লোন অ্যাকাউন্টগুলির দায় পরিশোধে ব্যর্থ হয়েছেন। রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে তাঁদের প্রতি প্রেরিত বিজ্ঞপ্তিগুলি অবিলিকৃত অবস্থায় ব্যাঙ্কে ফেরত এসেছে। সেই কারণে উক্ত দায় ও অন্যান্য চার্জাদি পরিশোধ দিয়ে **১৫.০৭.২০২৪** তারিখ বা তার আগে নিম্নলিখিত বন্ধকি পরিসম্পদগুলি ছাড়ানোর জন্য তাঁদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যেমনটা করতে তাঁরা ব্যর্থ হলে উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি কেবলমাত্র ব্যাঙ্কের সিদ্ধান্ত অনুযায়ী **১৬.০৭.২০২৪ তারিখের সকাল ১১:৩০টায়** ব্যাঙ্কের প্রেমিসেসে ঋণগ্রহীতার ঝুঁকিতে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

ক্রম নং	ঋণ নেওয়ার তারিখ	লোন নম্বর	ঋণগ্রহীতার নাম ও ঠিকানা
১	২৮.০২.২০২৩	২৭৪০০৬০০০১৩০৮৭	**জন্মেজয় সাহা,** ৫৯ ১ হরিনাথ সেন রোড, দক্ষিণপাড়া বারাসত, উত্তর ২৪ পরগনা ৭৪৩২০১
২	১৬.০৭.২০২২	২৭৪০০৬০০০১২৮৯২	**জন্মেজয় সাহা,** ৫৯ ১ হরিনাথ সেন রোড, দক্ষিণপাড়া বারাসত, উত্তর ২৪ পরগনা ৭৪৩২০১
৩	১৯.০৯.২০২২	২৭৪০০৬০০০১২৯৫৯	**জন্মেজয় সাহা,** ৫৯ ১ হরিনাথ সেন রোড, দক্ষিণপাড়া বারাসত, উত্তর ২৪ পরগনা ৭৪৩২০১

তারিখ: ১৬.০৬.২০২৪ **ব্রাঞ্চ ম্যানেজার**

কেনারা ব্যাঙ্ক Canara Bank
রিজিওনাল অফিস: হাওড়া
১৯২, জি টি রোড, লাল বাবা কলেজের বিপরীতে
বেলুড়, হাওড়া, পিন–৭১১ ২০২
মোটরগাড়ির নিলাম

ব্যাঙ্কে রেহানাবদ্ধ ও দখল নেওয়া মোটরগাড়িগুলি **২০.০৬.২০২৪ তারিখে (বৃহস্পতিবার) দুপুর ৩টা থেকে বিকেল ৫টার মধ্যে 'যেখানে আছে, যা কিছু আছে এবং কোনও রিকোর্স ছাড়া'** ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।
নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষে নিম্নবর্ণিত পরিসম্পদ ক্রয়ে আগ্রহী ক্রেতাদের থেকে প্রস্তাব আমন্ত্রণ করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতার নাম লোন অ্যাকাউন্ট নম্বর ব্রাঞ্চের নাম	মোটরগাড়ির বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি (আরপির ২৫%) গ) বিড বৃদ্ধি ঘ) পার্কিং
১	নাম: মুক্তিপদ দাস অ্যাকাউন্ট নং: ১৮০৪৬০৩০০৩২৪২ ব্রাঞ্চ: ভীমতলা প্রতাপপুর	ব্যক্তিগত স্কুটি রেজিস্ট্রেশন নম্বর: WB-30AF-4007 গাড়ির ধরন: হোন্ডা স্কুটি মডেল: গ্রাজিয়া রং: সাদা তৈরির বছর: ২০১৯	ক) ₹৩০,৫১৩.০০ খ) ₹৪,০০০.০০ গ) ₹২,০০০.০০ ঘ) তমলুক মানিকতলা পার্কিং, পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৬
২	নাম: সৌমেন দাস অ্যাকাউন্ট নং: ১৮০৪৬০৩০০৩২৪১ ব্রাঞ্চ: ভীমতলা প্রতাপপুর	ব্যক্তিগত মোপেড রেজিস্ট্রেশন নম্বর: WB-30AE-4319 গাড়ির ধরন: টিভিএস এক্সএল ১০০ এইচডি আইটিএস এসবিএস রং: মেরুন তৈরির বছর: ২০১৯	ক) ₹২০,০০০/– খ) ₹৩,০০০/– গ) ₹২,০০০/– ঘ) তমলুক মানিকতলা পার্কিং, পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৬
৩	নাম: প্রদীপ মাইতি অ্যাকাউন্ট নং: ৪০৯৩৬০৩০০০০০৬৮ ব্রাঞ্চ: কাঁথি	ব্যক্তিগত গাড়ি রেজিস্ট্রেশন নম্বর: WB-32AC-3903 গাড়ির ধরন: মারুতি সুজুকি/ওমনি (২০০৯) ইচএসটিআর বিএস–৪ রং: সিল্কি সিলভার তৈরির বছর: ২০১৮	ক) ₹১,২৬,৬৪৮.০০ খ) ₹১৩,০০০.০০ গ) ₹৫,০০০.০০ ঘ) তমলুক মানিকতলা পার্কিং, পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৬

বাস্তবিক নিলামের তারিখ ও সময়: ২০.০৬.২০২৪; দুপুর ৩টা থেকে বিকেল ৫টা
ইএমডি জমার শেষ তারিখ: ১৯.০৬.২০২৪

অন্যান্য শর্ত ও নিয়মাবলি:
১. গাড়িগুলি **১৭.০৬.২০২৪ থেকে ১৯.০৬.২০২৪ তারিখের মধ্যে** যে কোনও কাজের দিনে সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে পরিদর্শন করা যাবে।
২. **নিলামের স্থান:**
ক্রম নং ১ এবং ২: ভীমতলা প্রতাপপুর ব্রাঞ্চ ভীমতলা, পোঃ–প্রতাপপুর ব্রাঞ্চ অফিস, পিন–৭২১১৫২, ফোন নং: ৮৩৩৪৯ ৯৯১৭৮।
ক্রম নং ৩: কাঁথি ব্রাঞ্চ কিশোর নগর, পোঃ–কাঁথি হেড অফিস, পিন–৭২১৪০১, ফোন নং: ৮৩৪৯ ৯৯১৮৬।
৩. পরিসম্পদগুলি কেবলমাত্র নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি মূল্যে বিক্রি করা হবে।
৪. আগ্রহী ডাকদাতারা বৈধ কেওয়াইসি নথিসমূহ এবং 'কানাড়া ব্যাঙ্ক, হাওড়া'–এর অনুকূলে ব্যাঙ্ক ড্রাফ্‌টের মাধ্যমে ইএমডি আদায় দেওয়ার প্রমাণ একটি খামে ভরে মুখবন্ধ অবস্থায় তাঁদের বিড অফার লেটার **১৯.০৬.২০২৪ বিকেল ৫টার মধ্যে কানাড়া ব্যাঙ্ক, ভীমতলা প্রতাপপুর ব্রাঞ্চ (ক্রম নং ১ এবং ২ এর জন্য) এবং কানাড়া ব্যাঙ্ক, কাঁথি ব্রাঞ্চ (ক্রম নং ৩ এর জন্য)** তে জমা দেবেন।
৫. নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা কম কোনও প্রস্তাব গৃহীত হবে না।
৬. বাকি অর্থাঙ্ক প্রদানের পরে সর্বাধিক বিডারের অনুকূলে গাড়ি হস্তান্তর করা হবে। বাকি অর্থাঙ্ক প্রদানে বিফলতার ক্ষেত্রে জমাকৃত ইএমডি বাজেয়াপ্ত করা হবে এবং কোনও দাবি গ্রাহ্য করা হবে না।
৭. কোনও ক্ষেত্রে মাত্র একজন বিডার থাকলে নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমপক্ষে এক বিড ওপরে গাড়িটি বিক্রি করা হবে।
৮. নিলাম সমাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গেই অসফল বিডাররা বায়না অর্থাঙ্ক ফেরত পাওয়ার অধিকারী হবেন।
৯. নতুন কোনও বিজ্ঞপ্তি ছাড়াই যে কোনও সময়ে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতে বদল আনা, নিলাম বাতিল বা প্রত্যাহারের অধিকার ব্যাঙ্কের থাকবে।
১০. পার্কিং চার্জ সমেত অতিরিক্ত আনুষঙ্গিক খরচ এবং রোড ট্যাক্স, ইনশিওরেন্স, পার্কিং চার্জ ইত্যাদির মতো বিধিবদ্ধ বকেয়াগুলি সর্বাধিক বিডারকেই বহন করতে হবে।
১১. গাড়ির রেজিস্ট্রেশন বিডারের দায়িত্ব। পুরো বিডমূল্য বুঝে পাওয়ার পরে সংশ্লিষ্ট ব্রাঞ্চ গাড়ি এবং এটি সম্পর্কিত নথিপত্র হস্তান্তর করবে।

তারিখ: ১৫.০৬.২০২৪ **অনুমোদিত আধিকারিক**
স্থান: হাওড়া **কানাড়া ব্যাঙ্ক**

বৈঙ্ক অফ বড়োদা Bank of Baroda
পাতিপুকুর ব্রাঞ্চ
৮৪৭, লেক টাউন, ব্লক–এ, কলকাতা–৭০০ ০৮৯, পঃ বঃ
ফোন: ৯১–৩৩–২৫২১০১৬৭, ই–মেল: patipu@bankofbaroda.com

তারিখ: ১৪.০৬.২০২৪

শ্রীমতী দূর্বা বসাক ইসি: ১২০৭৩০ সাব স্টাফ শান্তিপুর ব্রাঞ্চ গ্রেটার কলকাতা রিজিয়ন কলকাতা

সম্পর্কিত: তদন্তকারী আধিকারিক সম্মুখে বাস্তবিক উপস্থিতির জন্য সর্বশেষ বিজ্ঞপ্তি

রিজিওনাল হেড এবং শৃঙ্খলা রক্ষার আধিকারিক, গ্রেটার কলকাতা রিজিয়ন আপনার বিরুদ্ধে অভিযোগপত্র জারি করেছিলেন যার নম্বর RO : GKR : 04/2023-24/148 তারিখ : ১৫.০৩.২০২৪ সম্পর্কে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। আপনি ০১.০১.২০২৩ থেকে আজ পর্যন্ত আপনার কাজের স্থানে অনুপস্থিতির কারণে অভিযোগপত্র জারি করা হয়েছিল এবং অনুপস্থিতি ব্যাঙ্কের নির্ধারিত নির্দেশিকা ভঙ্গ করে।
আমাদের পূর্ববর্তী যোগাযোগ অনুযায়ী আপনাকে শুনানির জন্য পাতিপুকুর ব্রাঞ্চে তদন্তকারী আধিকারিকের সম্মুখে উপস্থিত থাকতে নির্দেশ প্রদান করা হয়েছিল যা নির্ধারিত ছিল
(১) ৩০.০৪.২০২৪ (মঙ্গলবার) সকাল ১১.০০টায় আমাদের পত্র তারিখ: ২৪.০৪.২০২৪ অনুযায়ী
(২) ২১.০৫.২০২৪ (মঙ্গলবার) সকাল ১১.০০টায়
দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আপনি উভয় শুনানি স্থানে অনুপস্থিত ছিলেন।
এই পত্র দ্বারা আপনাকে সর্বশেষ শুনানির জন্য বাস্তবিকভাবে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হচ্ছে যার সূচি:
তারিখ: ২২.০৬.২০২৪ (শনিবার)
সময়: সকাল ১১.০০টা
স্থান: ব্যাঙ্ক অফ বরোদা, পাতিপুকুর ব্রাঞ্চ
আপনার বিষয়ের জন্য এটি সর্বশেষ সুবিধা। এই শুনানিতে আপনি উপস্থিত না থাকলে তদন্ত একপক্ষে হবে যার ফলে প্রযোজ্য প্রমাণ অনুযায়ী সিদ্ধান্ত আপনার অনুপস্থিতিতেই ঘোষণা হবে।
অপ্রীতিকর সিদ্ধান্ত এড়িয়ে চলতে আপনার উপস্থিতি কাম্য।

অমিত কুমার রাই, চিফ ম্যানেজার
পাতিপুকুর ব্রাঞ্চ,
তদন্তকারী আধিকারিক

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCE ADVISING
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: রুম নং ৪০১, পঞ্চম তল, ক্যামাক স্কোয়ার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

ব্যক্তিগত চুক্তির মাধ্যমে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ (নং ৫৪/২০০২)–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে ব্যক্তিগত চুক্তির মাধ্যমে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য এই বিক্রয় বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে।
এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ঋণগ্রহীতাগণ/ সহ–ঋণগ্রহীতাগণ অর্থাৎ, ১) বলিষ্ঠ ই–টেক প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা), এর ডিরেক্টর ২) অভিজিৎ মিত্র (জামিনদার) ও ৩) অঞ্জু মিত্র (জামিনদার)–এর থেকে ০৬.১২.২০২১ তারিখের ভিত্তিতে আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ **₹৬,১০,৭৩,৪৯০.৫৭ (ছয় কোটি দশ লক্ষ তিয়াত্তর হাজার চারশো নব্বই টাক